

সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়: সদস্য কারখানা সমূহের জন্য ছাদে সোলার প্যানেল স্থাপনে সহযোগিতা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,


বাংলাদেশে চলমান জ্বালানি সংকট এবং সাম্প্রতিক ইরান-যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধের প্রভাবে সৃষ্ট বৈশ্বিক জ্বালানি অস্থিরতা নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারকে একটি অপরিহার্য জাতীয় ও ব্যবসায়িক প্রয়োজনে পরিণত করেছে। একই সময়ে, ইউরোপীয় ইউনিয়নের মতো প্রধান বাজারগুলোতে কঠোর পরিবেশগত কমপ্লায়েন্স কার্যকর হওয়ায় এটি এখন একটি কৌশলগত ব্যবসায়িক শর্ত। তাই বিশ্ববাজারে প্রতিযোগিতামূলক সক্ষমতা বজায় রাখতে এবং আন্তর্জাতিক অস্থিরতার মাঝে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে বিজিএমইএ সদস্য কারখানাগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে ছাদে সোলার প্যানেল স্থাপনের জন্য জোরালো আহ্বান জানাচ্ছে।

এই রূপান্তর প্রক্রিয়াকে সহজতর করতে বিজিএমইএ তার সদস্যদের নিম্নলিখিত সহযোগিতা প্রদান করবে:

- **আর্থিক সহযোগিতা:** বিজিএমইএ তার সদস্যদের রুফটপ সোলার প্রকল্পের জন্য স্বল্প সুদে ঋণ (৫ হতে ৫.৫%) এবং নমনীয় অর্থায়ন সুবিধা নিশ্চিত করতে সহায়তা করবে।
- **সার্ভিস ফি রেয়াত:** যে সকল সদস্য কারখানা আগামি ৩ মাসের মধ্যে তাদের স্থাপনায় রুফটপ সোলার সিস্টেম স্থাপনের উদ্যোগ গ্রহণ করবেন, তাদের জন্য বিজিএমইএ-এর সার্ভিস ফি'র ওপর ৫০% মওকুফ সুবিধা প্রদান করা হবে।

বিজিএমইএ সকল সদস্যকে তাদের কারখানার ছাদের উপযোগিতা মূল্যায়ন করার এবং দীর্ঘমেয়াদী জ্বালানি সক্ষমতা ও প্রতিযোগিতামূলক সুবিধা অর্জনে এই বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার জন্য উৎসাহিত করছে। আপনাদের প্রকল্পগুলো শুরু করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা এবং সহায়তা প্রদানে আমরা সর্বদা প্রস্তুত।

ধন্যবাদান্তে,



মেজর মো. সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অব.)

সচিব (ভারপ্রাপ্ত)